# ফিরে দেখা বিশ্বপ্রযুক্তির গতিধারা

ইমদাদুল হক

বিশ্বে বছর জুড়েই তথ্যের নিরাপত্তা-সঙ্কট, তথ্যপ্রযুক্তিতে শীর্ষ অবস্থান দখলের লড়াই এবং যেকোনো গুরুত্বপূর্ণ ঘটনায় আলোচনা-সমালোচনায় তুঙ্গে ছিল সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুক, মাইক্রো ব্লগ টুইটার, ভিডিও স্ট্রিমিং সেবাদাতা ইউটিউব। কথা বলায় ইন্টারনেটের ব্যবহার বেড়েছে। বিশ্বব্যাপী প্রতি মাসে ৫০০ কোটির বেশি মানুষ কথা বলার জন্য টেলিফোনের পরিবর্তে অন ওভার দ্য টপ অ্যাপ্লিকেশন বা ওটিটি ব্যবহার করছেন। ফলে হোয়াটসঅ্যাপ, ফেসবুক ম্যাসেঞ্জার, উইচ্যাট, কিউকিউ, ভাইবার, লাইন এবং কাকাউটক, অ্যাপলের ফেসটাইম, গুগলের হ্যাংআউট, মাইক্রোসফটের স্কাইপে ছিল প্রযুক্তি ব্যবহারকারীদের কেন্দ্রবিন্দুতে।

এসব ছাপিয়ে ঘুরেফিরে বিশ্বকে আন্দোলিত করেছে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ও অগমেন্টেড রিয়েলিটি প্রযুক্তি। বিশেষজ্ঞদের ধারণা, অন্তত ১১০ কোটি ডলারের অগমেন্টেড রিয়েলিটি কনটেন্ট বাজার একাই তৈরি করছে অ্যাপল। অ্যাপলের অন্তত ১০০ কোটি ডিভাইস অগমেন্টেড রিয়েলিটি কনটেন্টের জন্য প্রস্তুতি সেরে ফেলেছে। গুটিকয়েক অ্যান্ড্রয়েড মডেলের জন্য এআর নিয়ে প্রস্তুতি নিয়েছে গুগল। চীনে এআই ল্যাব চালু করেছে। আর মিক্সড রিয়েলিটি হার্ডওয়্যার নিয়ে নিরন্তর গবেষণায় রত মাইক্রোসফট।

## জানুয়ারি

অ্যাপ স্টোর থেকে অ্যাপ কিনতে ও ডাউনলোড করতে রেকর্ড পরিমাণ ৩০০ মিলিয়ন ডলার খরচ করেছেন অ্যাপল ব্যবহারকারীরা।

নিজে নিজে চলে এমন স্যুটকেস বাজারে ছাড়া হয়।

কোয়ালকমকে ১২০ কোটি ডলার জরিমানা ধার্য করে ইউরোপীয় ইউনিয়ন।

যুক্তরাষ্ট্রের লাস ভেগাসে আবেগপ্রবণ ও পোল-ড্যান্সিং রোবট দেখানো হয়।

গুগলের ডিজিটাল সহকারীকে মানুষের মতো স্বাভাবিক কণ্ঠ দেয়া হয়।

ভিডিও গেমের আসক্তিকে মানসিক স্বাস্থ্য সমস্যা আখ্যা দিয়ে এটিকে আন্তর্জাতিক পর্যায়ে রোগব্যাধির শ্রেণি বিন্যাসের তালিকায় ‘গেমিং রোগ’ হিসেবে চিহ্নিত করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা।

আইওএস ডেভেলপারদের জন্য ইন্ট্রিগেশন ও ডিবাগিং টুলস তৈরির লক্ষ্যে কানাডিয়ান স্টার্টআপ ‘বাডিবিল্ড’ কিনে নেয় মার্কিন প্রযুক্তি জায়ান্ট অ্যাপল।

চীনের শেনজেন শহরে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্টস ল্যাব স্থাপনের ঘোষণা দেয় গুগল।

## ফেব্রুয়ারি

ক্রিপ্টোকারেন্সি মাইনিংয়ের জন্য বিশেষায়িত চিপ তৈরির নকশা তৈরি করে দক্ষিণ কোরীয় ইলেকট্রনিক জায়ান্ট স্যামসাং।

আলাদাভাবে ‘উইন্ডোজ ১০ এস’ বিক্রি বন্ধ করে মাইক্রোসফট।

ব্যবহারকারীর ইশারা বুঝতে সক্ষম ‘ভল্ট’ নামে স্মার্টগ্লাস অবমুক্ত করে ইন্টেল।

প্রথমবারের মতো সেলফ ফ্লাইং ড্রোন ট্যাক্সি ‘আলফা ওয়ান’ পরীক্ষামূলকভাবে আকাশে ওড়ায় এয়ারবাস।

টিভি সিরিজ ‘সিভিরাইজেশন’ মুক্তি উপলক্ষে অগমেন্টেড রিয়েলিটি (এআর) অ্যাপ উন্মোচন করে বিবিসি।

দক্ষিণ কোরিয়ায় অনুষ্ঠিত শীতকালীন অলিম্পিকে একসাথে ১২১৮টি ড্রোন উড়িয়ে বিশ্বরেকর্ড করে ইন্টেল।

ভুয়া টুইট রুখতে টুইটারে টিভি চ্যানেল থেকে লাইভ/ব্রেকিং নিউজ সম্প্রচার সুবিধা চালু করে টুইটার।

সবার জন্য উন্মুক্ত করে দেয়া হয় গুগল অটো অ্যাডস।

আউটলুক থেকে বাংলা বর্ণমালায় ই-মেইল খোলার সুবিধা চালু করে মাইক্রোসফট।

সাধারণ ফোনেই অগমেন্টেড রিয়েলিটি অ্যাপস ব্যবহারের সুযোগ করে দিতে এআরকোরের ১.০ সংস্করণ উন্মোচন করে গুগল।

## মার্চ

ফোর্বসের শীর্ষ ধনীর তালিকায় এক নম্বরে উঠে আসেন জেফ বেজোস।

উবারের চালকবিহীন গাড়ি প্রথমবারের মতো দুর্ঘটনায় পড়ে।

মোবাইলে ই-মেইল সেবা দিয়ে নজরকাড়া ‘ইনবক্স’ বন্ধ হয়ে যায়।

আর্থিক ক্ষতির কারণে ‘লন্ডন স্টুডিও’ বন্ধ করে দেয় মোবাইল গেম অ্যাংরি বার্ডস নির্মাতা কোম্পানি রোভিও।

ডাটা সেন্টার সার্ভার খাতে হিউলেট প্যাকার্ড এন্টারপ্রাইজকে (এইচপিই) পেছনে ফেলে শীর্ষস্থান দখল করে যুক্তরাষ্ট্রভিত্তিক কমপিউটার নির্মাতা ও সার্ভার সেবা বিক্রেতা প্রতিষ্ঠান ডেল ইএমসি।

যুক্তরাজ্যের ক্যামব্রিজে নিজের বাসায় ৭৬ বছর বয়সে না-ফেরার দেশে পাড়ি জমান বিখ্যাত পদার্থবিজ্ঞানী স্টিফেন হকিং।

ফেসবুকের পর বিটকয়েন ও অন্যান্য ক্রিপ্টোকারেন্সির বিজ্ঞাপন দেয়া বন্ধ করে দেয় গুগল ও টুইটার।

ম্যাসেঞ্জারে গ্রুপ চ্যাটে যুক্ত হয় অ্যাডমিন সুবিধা।

ডেস্কটপ থেকে ইউটিউবে লাইভ ভিডিও সম্প্রচার সুবিধা চালু।

ব্যবহারকারীদের তথ্য ফাঁস নিয়ে চাপে পড়েন মার্ক জাকারবার্গ।

## এপ্রিল

ক্যামব্রিজ অ্যানালিটিকা কেলেঙ্কারিতে ৮ দশমিক ৭ কোটি ব্যবহারকারীর তথ্য সংগ্রহ করে ফেসবুক।

গ্রুপ ভিডিও চ্যাট সুবিধা চালু করে স্ন্যাপচ্যাট।

১০০ কোটি ব্যবহারকারী ছাড়িয়ে যায় ইনস্টাগ্রাম।

বন্ধ করে দেয়া হয় গুগলের ইউআরএল শর্টনার সেবা গুজিএল।

গুগল ক্রাউডসোর্সে যুক্ত হয় ‘ইমেজ ক্যাপচার’ সুবিধা।

ফেসবুক থেকে বিদায় নেন অ্যাপলের সহ-প্রতিষ্ঠাতা স্টিভ ওজনিয়াক।

ভেরাইজন থেকে জনপ্রিয় ছবি শেয়ারিং প্লাটফর্ম ফ্লিকার কিনে নেয় পেশাদার ফটো হোস্টিং কোম্পানি স্মাগমাগ।

## মে

সামাজিক যোগাযোগ মিডিয়ার জনপ্রিয়তার কাছে পরাস্ত হয়ে বন্ধ হয়ে যায় সোশ্যাল মিডিয়া টুল ক্লাউট।

অফিস ৩৬৫-এর নিবন্ধিত ব্যবহারকারীদের জন্য ২০১৯ আপডেট প্রকাশ করে মাইক্রোসফট।

সীমিত পরিসরে ডাউন ভোট চালু করে ফেসবুক।

ডাটা বিক্রির প্রমাণ মেলে টুইটারের বিরুদ্ধে।

বিশ্বের ২৩ দেশে একযোগে ‘অকুলাস গো’ বিক্রি শুরু হয়।

চুপিসারে নীতিমালা থেকে ‘ডোন্ট গো ইভিল’ বাক্যটি তুলে নেয় গুগল।

একসাথে ১২৮টি ডিভাইস সক্রিয় রাখতে সক্ষম একটি ডুয়াল ব্যান্ড রাউটার অবমুক্ত করে শাওমি।

## জুন

যুক্তরাষ্ট্রে ফেসবুকের সমান্তরালে চলেও ১৬ বছরের মাথায় বন্ধ হয়ে যায় স্ট্যাম্বলআপন।

৭৫০ কোটি ডলারে গিটহাব কিনে নেয় মাইক্রোসফট।

উত্তর আমেরিকার সবচেয়ে উষ্ণতম মরুভূমি ▸

‘মোহাভি’ নামে নতুন ম্যাকওএস ১০.১৪ সংস্করণ অবমুক্ত করে অ্যাপল।

নিরাপত্তা ত্রুটি ও তথ্য বিক্রির দায়ে ১০৪ কোটি ডলার জরিমানা দিয়ে বাজারে ফেরে জেডটিই।

গ্রুপ ভিডিও কল সুবিধা চালু করে ইনস্টাগ্রাম।

ক্রিকেটকে দুর্নীতিমুক্ত করতে অ্যাপ চালু করে আইসিসি।

## জুলাই

ইউরোপীয় ইউনিয়নের ৫০০ কোটি ডলার জরিমানার মুখে পড়ে গুগল।

অর্ধশত বছরের মাইলফলক অতিক্রম করে মাইক্রোপ্রসেসর নির্মাতা প্রতিষ্ঠান ইন্টেল।

গুগল টক, ফেসবুক ও হোয়াটসঅ্যাপের আগ্রাসী সেবায় বন্ধ হয়ে যায় ইয়াহু ম্যাসেঞ্জার।

পিকচার ইন পিকচার সুবিধা সবার জন্য উন্মুক্ত করে ইউটিউব।

ফিটনেট অ্যাপ ‘মুভিস’, অ্যান্ড্রয়েড অ্যাপ ‘হ্যালো’ এবং বেনামী সামাজিক যোগাযোগ অ্যাপ ‘টিবিএইচ’ বন্ধ করে দেয় ফেসবুক।

দেড়শ’ কোটি চিপ বিক্রির মাইলফলক অতিক্রম করে প্রযুক্তি প্রতিষ্ঠান ইনফিনিয়ন টেকনোলজিস এজি।

ছাড় অফারের চাপে ক্র্যাশ হয় অ্যামাজানের ওয়েবসাইট।

গুগলকে ৫০০ কোটি ডলার জরিমানা করে ইউরোপীয় ইউনিয়নের অ্যান্টি ট্রাস্ট।

## আগস্ট

১ লাখ কোটি ডলার বাজারমূল্যের মাইলফলক স্পর্শ করে অ্যাপল।

বাজারে আসে স্যামসাং গ্যালাক্সি নোট ৯।

ব্লু-হোয়েলের পর হোয়াটসঅ্যাপে হানা দেয় অনলাইন গেম ‘মমো’।

স্কুলে স্মাটফোন ও ট্যাব নিষিদ্ধ করে ফ্রান্স।

মাইক্রোসফটের ৩০ শতাংশ শেয়ার বিক্রি করেন প্রধান নির্বাহী সত্য নাদেলা।

বাংলা ভাষায় ডোমেইন কেনার সুবিধা যুক্তের পরিকল্পনা প্রকাশ করে আইক্যান।

সুরক্ষিত অ্যাপলের দুর্গে হানা দিয়ে ৯০ গিগা তথ্য ডাউনলোড করে অস্ট্রেলিয়ার ১৬ বছরের এক কিশোর।

গুজব রোধে এআই প্লাটফর্ম চালু করে চীন।

## সেপ্টেম্বর

৫ কোটি পর্যন্ত ব্যবহারকারীর অ্যাকাউন্ট হ্যাক হয়েছে বলে জানায় ফেসবুক।

২০টি গেমসহ ক্ষুদে এক গেমিং কন্সোলের ঘোষণা দেয় সনি।

অ্যাপলের আইফোন ১০এস বাজারে আসে।

আলিবাবার জ্যাক মা অবসরে যাওয়ার পরিকল্পনা প্রকাশ করেন।

বৈদ্যুতিক ইমপ্লান্ট ব্যবহার করে আবারো হাঁটতে শুরু করে এক মানুষ।

দুর্ঘটনার শিকার হয় অ্যাপলের স্বচালিত গাড়ি।

বিশ্বের প্রথম ওয়্যারেবল স্মার্টফোন ‘নুবিয়া আলফা’ প্রদর্শন করে চীনের কোম্পানি জেটইর সাব ব্র্যান্ড নুবিয়া।

কেনাকাটার জন্য আলাদা করে নতুন একটি অ্যাপ আইজি শপিং চালু করে ইনস্টাগ্রাম।

দাতব্যমূলক কাজ করতে অবসরে যাওয়ার ঘোষণা দেন আলিবাবার সহ-প্রতিষ্ঠাতা ও এক্সিকিউটিভ চেয়ারম্যান জ্যাক মা।

২০২০ সালের মধ্যে প্রতিটি ডিভাইসে এআই প্রযুক্তি সংযুক্তির ঘোষণা দেয় স্যামসাং।

ক্লাউডে বিনামূল্যে ছবি সংরক্ষণের ক্ষেত্রে ১ টেরাবাইট থেকে ১ হাজারে নামিয়ে আনে ফ্লিকার।

ওয়ার্ল্ড এয়ার স্পোর্টস ফেডারেশন (এফএআই) আয়োজিত ড্রোন ওড়ানো প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয় ১৫ বছর বয়সী অস্ট্রেলিয়ান কিশোর রুডি ব্রাউনিং।

যৌন হয়রানি ইস্যুতে বিশ্বের ৫০টি বড় শহরে অফিস ছেড়ে রাস্তায় নেমে প্রতিবাদ করে গুগলের ২০ হাজার কর্মী।




*ইউরোপীয় ইউনিয়নের ৫০০ কোটি ডলার জরিমানার মুখে পড়ে গুগল*

## অক্টোবর

বিদেশি প্রভাব আছে এমন এক কোটি পোস্ট সরিয়ে ফেলে টুইটার।

সিঙ্গাপুর থেকে নিউইয়র্ক পর্যন্ত দীর্ঘতম (১৭ ঘণ্টা ৫২ মিনিট) বিমান চলাচল শুরু।

ফেসবুক বা টুইটারের সাথে না পেরে বন্ধ হয়ে যায় সোশ্যাল মিডিয়া ওয়েবসাইট পাথ।

যুক্তরাষ্ট্রের নির্দিষ্ট কিছু অঞ্চলে বিশ্বের প্রথম ৫জি নেটওয়ার্ক সেবা চালু।

ইউটিউবে ছড়িয়ে পড়ে ফেসবুক হ্যাকিংয়ের টিউটোরিয়াল।

সীমিত পরিসরে গেম স্ট্রিমিং সেবা চালু করে গুগল।

৪৯ ইঞ্চি আকারের বড় মনিটর অবমুক্ত করে ডেল।

ক্যান্সারের কাছে হার মেনে পরকালে পাড়ি দেন মাইক্রোসফটের সহ-প্রতিষ্ঠাতা পল অ্যালেন।

বিশ্বজুড়ে ৪৫ মিনি ব্লাকআউট হয় ইউটিউব।

কয়েক ঘণ্টা ডাউন থাকে ডেভেলপারদের জনপ্রিয় প্লাটফর্ম গিটহাব।

## নভেম্বর

মার্কিন ভোটে অংশ নিতে নিরুৎসাহ করে এমন হাজারো পোস্ট সরিয়ে ফেলে টুইটার।

সিঙ্গাপুরে স্বয়ংক্রিয় রোবট পুলিশ দেখানো হয়।

টানা চতুর্থ প্রান্তিকের মতো বিশ্বব্যাপী স্মার্টফোনের বিক্রি কমতে থাকে।

চীনের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা সিনহুয়ায় খবর পাঠ করেন বিশ্বর প্রথম কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) সংবাদ উপস্থাপক (এআই নিউজ রিডার)।

ইলেকট্রনিক গাড়ি নির্মাতা প্রতিষ্ঠান টেসলার চেয়ারম্যান পদে নিয়োগ পান প্রতিষ্ঠানটির চিফ ফিনান্সিয়াল অফিসার রবিন ডেনহোম।

এক ঘণ্টায় আলিবাবায় ১০০০ কোটি ডলার বিক্রির রেকর্ড।

## ডিসেম্বর

পোকেমন গো গেমের নির্মাতা প্রতিষ্ঠান নিয়ানটিকে ৪ কোটি মার্কিন ডলার বিনিয়োগ করে স্যামসাং।

আমাজনের অ্যালেক্সানির্ভর স্পিকারে অ্যাপল মিউজিক সুবিধা দেয়া হয়।

রেডিও-ধাঁচের অন-ডিমান্ড অডিও নিউজফিড চালু করে গুগল।

কানাডার জেল থেকে জামিনে মুক্তি পান হুয়াওয়ের প্রধান আর্থিক কর্মকর্তা।

যুক্তরাষ্ট্রের শেয়ারবাজারে প্রবেশ করে চীনের টেনসেন্ট মিউজিক।

পদত্যাগ করেন ফেসবুক মালিকানাধীন হোয়াটসঅ্যাপের ব্যবসায় শাখার প্রধান নিরোজ অরোরা।

ম্যাপে হ্যাশ ট্যাগ সুবিধা যোগ করে গুগল।

বোমাতঙ্কে খালি হয় ফেসবুক হেডকোয়ার্টার; হারায় কাজের পরিবেশের শীর্ষ স্থান।

ইনস্টাগ্রামে যুক্ত হয় ভয়েস ম্যাসেজ কজ